



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 14 March 2026

TIME: 7:35 AM

দুদিনব্যাপী আসাম সফর সূচির অংশ হিসেবে প্রধানমন্ত্রী আজ শিলচর আসছেন। তিনি বরাক উপত্যকার তিনটি ঐতিহাসিক প্রকল্পের ভূমিপূজনে অংশ গ্রহণ করবেন। শিলচরের পার্শ্ববর্তী অম্বিকাপুরে এই ৩টি প্রকল্পের ভূমিপূজন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রীর সফরের জন্য জেলা প্রশাসন ইতিমধ্যেই চূড়ান্ত প্রস্তুতি সম্পন্ন করেছে। এদিকে প্রধানমন্ত্রীর সফরের পর আজ মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা শ্রীকোনায় বরাক উপত্যকার জন্য নির্মিত মিনি সচিবালয়ের উদ্বোধন করবেন। এরপর মুখ্যমন্ত্রী দরগাকোনার মিঠাপানিতে আসাম সরকারের নগর ও আবাসন বিভাগের উদ্যোগে ১টি কনভেনশন কেন্দ্রের উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর সফর উপলক্ষে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। সভাস্থলের পার্শ্ববর্তী এলাকায় ট্রাফিক বিভাগ থেকে সুষ্ঠু ও সুন্দরভাবে যান চলাচলের জন্য নানা ধরনের বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এর আওতায় জেলা ম্যাজিস্ট্রেট শিলচর বাইপাসের আই এস বি টি পয়েন্ট থেকে মঙ্গলপাড়ের স্টেচু পর্যন্ত এবং আই এস বি টি পয়েন্ট থেকে শ্রীকোনা ও এন জি সি পর্যন্ত রাস্তার পাশে কোন ধরনের যানবাহন পার্কিং করা যাবে না। উল্লেখ্য প্রধানমন্ত্রী যে ৩টি প্রকল্পের ভূমিপূজন করবেন এর মধ্যে

প্রাকৃতিক দুর্যোগের কবলে পরা নাগালেণ্ড সহ ৬ টি রাজ্যের জন্য একহাজার ৯১২ কোটি টাকারও অধিক পরিমাণের অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য প্রদানে সরকারের এক উচ্চপদস্থ সমিতি অনুমোদন জানিয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের অধ্যক্ষতায় গঠিত এই সমিতি বন্যা, মেঘ বিস্ফোরণ, ঝড়ো হাওয়া এবং ভূমিধ্বসের মতো দুর্যোগের ফলে রাজ্যগুলির সম্মুখীন হওয়া ক্ষতি পূরণের জন্য এই অর্থ প্রদান করেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী এই অর্থ থেকে ১৫৮ কোটি টাকারও অধিক নাগালেণ্ডের জন্য বরাদ্দ করা হয়েছে।

আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে শ্রীভূমির জেলা আয়ুক্ত নির্বাচনের কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত জেলার সব সরকারী কার্যালয়, রাষ্ট্রীয়ত্ব সংস্থা বা পি এস ইউ এবং ব্যাঙ্কগুলি রবিবার ও অন্যান্য ছুটির দিনেও খোলা রাখতে নির্দেশ জারী করেছেন। প্রতিটি কার্যালয়ে একজন অফিস অ্যাসিস্টেন্ট এবং একজন এম টি এস বা চতুর্থ শ্রেণীর কর্মীকে উপস্থিত থাকতে হবে। নির্বাচন সংক্রান্ত জরুরী চিঠিপত্র ও নথি গ্রহণ করার জন্য এই নির্দেশ দেওয়া হয়েছে। এই নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট আধিকারিকের বিরুদ্ধে নির্বাচন কমিশনের কাছে রিপোর্ট পাটানো হবে এবং আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে।

শ্রীভূমি জেলার পোস্টাল ব্যালট পেপার সেলের দায়িত্ব প্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার সাতটি ভোট কর্মী প্রশিক্ষন কেন্দ্রে আগামী রবিবার দুই শিফটে প্রশিক্ষন অনুষ্ঠিত হবে। এই কেন্দ্রগুলি হচ্ছে- করিমগঞ্জ কলেজ, জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহ, রবীন্দ্র সদন মহিলা কলেজ, সিনিয়র সেকেন্ডারী স্কুল অব সায়েন্স, নিলামবাজারের এস ভি বিদ্যানিকেতন, পাথারকান্দি মডেল এইচ এস স্কুল ও রামকৃষ্ণনগর কলেজ

। ভোট কর্মীদের যথা সময়ে প্রশিক্ষন কেন্দ্রে উপস্থিত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে ।

হাইলাকান্দি জেলায় আসন্ন ঈদ উল ফিতর উৎসব শান্তিপূর্ণভাবে পালনের উদ্দেশ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে জনসমাগম ঘটা কয়েকটি ঈদগাহের সামনে যান চলাচল নিয়ন্ত্রিত থাকবে । সভায় ঈদগাহ কমিটিগুলিকেও পর্যাপ্ত সংখ্যক স্বেচ্ছাসেবক রাখতে অনুরোধ করা হয়েছে । এছাড়া সামাজিক মাধ্যম ব্যবহারের ক্ষেত্রেও সংযম বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে । জেলার পুলিশ সুপার অমিতাভ সিনহা সামাজিক মাধ্যমে কোন ধরনের উস্কানিমূলক মন্তব্য না করতে এবং ভূয়া ও বিভ্রান্তিমূলক খবর প্রচার করলে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানিয়েছেন ।

বিশ্ব দাবা প্রতিযোগীতায় আসামের ময়ঙ্ক চক্রবর্তী গ্র্যান্ড মাস্টারের খেতাব অর্জন করেছে । সুইডেনে অনুষ্ঠিত অষ্টম গ্র্যান্ড মাস্টার প্রতিযোগীতায় ময়ঙ্ক গ্র্যান্ড মাস্টারের স্বীকৃতির জন্য প্রয়োজনীয় তিনটি নর্ম অর্জন করে দেশের ৯৪ তম গ্র্যান্ড মাস্টার হিসেবে বিবেচিত হয়েছে । প্রয়োজনীয় ২৫০০ ফিডে রেটিংয়ের সীমা অতিক্রম করে ময়ঙ্কের এই সাফল্য সমগ্র উত্তর-পূর্বাঞ্চল তথা ভারতীয় দাবাকে গৌরবান্বিত করেছে । আসামের দাবা খেলার ক্ষেত্রে গ্র্যান্ড মাস্টারের খেতাব অর্জন করা প্রথম খেলোয়াড় । সুইডেনে গতকাল তাঁকে এই গ্র্যান্ড মাস্টারের সম্মান প্রদান করা হয় ।
